গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাসাইল, টাঙ্গাইল
www.basail.tangail.gov.bd

স্মারক নং: ০৫৬.৩০.৯৩০৯.০০০.১৭.০০২.২২-৮২৩ তারিখঃ ২১ জুলাই ২০২৬খ্রি.

**ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী ১ আগস্ট ২০২৬ খ্রি. হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম অব্যাহত থাকবে। সে লক্ষ্যে টাঙ্গাইল জেলার বাসাইল উপজেলায় তথ্য সংগ্রহের নিমিত্ত স্বেচ্ছাসেবী হিসেবে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিত করা হবে। এ বিষয়ে আগ্রহীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস।<br>খ) বয়স: ১৮ হতে ৪০ বছর।<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর প্রাপ্তি।<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান।<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম।<br>চ) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত। | (ক) নারী প্রার্থী ৫০%।<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী।<br>গ) পূর্বে বিবিএস জরিপ কাজের অভিজ্ঞতা। | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত।<br>খ) সরকারী/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত।<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর।<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত। | শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| ২ | সুপারভাইজার (প্রতি ০৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১জন) | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস।<br>খ) বয়স: ২৫ হতে ৪৫ বছর।<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান।<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা। | দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব:<br>ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন।<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)।<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা।<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডাটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত করতে হবে। | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত।<br>খ) সরকারী/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত।<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর।<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত। | শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

**আবেদন ফরম প্রাপ্তির স্থান:** ক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাসাইল, টাঙ্গাইল ও ওয়েবসাইট লিংক: https://basail.tangail.gov.bd এবং উপজেলা সমাজসেবা কার্যালয়, বাসাইল, টাঙ্গাইল ও ওয়েবসাইট লিংক: https://dss.basail.tangail.gov.bd

CamScanner

**আবেদন ফরম দাখিলের স্থান:** ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, বাসাইল, টাঙ্গাইল।

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি:**

| আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|
| ২২/০৭/২০২৬ খ্রি. হতে ২৪/০৭/২০২৬খ্রি. সকাল ৯.০০ টা হতে বিকাল ৩.০০ টা পর্যন্ত | ২২/০৭/২০২৬ খ্রি. হতে ২৪/০৭/২০২৬খ্রি. সকাল ৯.০০ টা হতে বিকাল ৩.০০ টা পর্যন্ত | ২৫/০৭/২০২৬খ্রি. সকাল ১০.০০ টা |

**শর্তাবলী:**

১) তথ্য সংগ্রহকারীগণকে শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।
৩) তথ্য প্রযুক্তি খাতে দক্ষ হতে হবে।
৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবে না।
৫) কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবে না।
৬) সংগৃহীত তথ্যের সম্পুর্ণ গোপনীয়তা রক্ষা বাধ্যতামূলক।
৭) ট্যাবলেট সযত্নে রক্ষণ করতে হবে, অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।
৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।
৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোঃ ইকবাল হোসেন)
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল
E-mail: uno.bashail@mopa.gov.bd

স্মারক নং: ০৫৬.৩০.৯৩০৯.০০০.১৭.০০২.২২- তারিখঃ ২১ জুলাই ২০২৬খ্রি.

**সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় সংসদ সদস্য, ১৩৭, টাঙ্গাইল-৮ ও মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
২। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, টাঙ্গাইল।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ/পৌরসভা, বাসাইল, টাঙ্গাইল।
৫। সহকারী কমিশনার (ভূমি), বাসাইল, টাঙ্গাইল।
৬। অফিসার ইনচার্জ, বাসাইল থানা, টাঙ্গাইল।
৭। সদস্য (সকল), ফ্যামিলি কার্ড শুমারি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, বাসাইল, টাঙ্গাইল।
৮। চেয়ারম্যান ...................................................... ইউপি (সকল), বাসাইল, টাঙ্গাইল।
৯। জনাব ........................................................... ।
১০। অফিস নথি।

২১/০৭/২৬
(আসাদুল ইসলাম)
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
ও
উপজেলা সমাজসেবা অফিসার
বাসাইল, টাঙ্গাইল
E-mail: asaduldss@gmail.com

CamScanner